

## ধর্ষকের রক্ষক হিলারি ক্লিনটন!

১৯৭৫ সালে যুক্তরাষ্ট্রের আরকানসাসে ১২ বছরের এক কিশোরী ধর্ষণের শিকার হয় এবং সেই ধর্ষকের পক্ষে ওকালতি করেন সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন! তখন ধর্ষকের পক্ষে আইনি সহায়তা দিয়ে ধর্ষকের সাজা কমিয়ে দিয়েছিলেন তিনি। কীভাবে তিনি আইনি যুক্তি দিয়েছিলেন তা তিনি এক অডিও সাক্ষাৎকারে তুলে ধরেছিলেন। তখন হিলারি ক্লিনটনের বয়স ২৭। সাক্ষাৎকারটি সম্প্রতি প্রকাশিত হয়েছে। ধর্ষণের শিকার কিশোরী এখন প্রাপ্তবয়স্ক নারী। সাক্ষাৎকার শুনে তিনি অভিযোগ করেছেন হিলারি ক্লিনটন ভণ্ড। তিনি আরো মনে করেন, এই সাবেক ফার্স্ট লেডিকে নারী অধিকারের রক্ষক বলা যাবে না। তিনি আরো বলেছেন, 'হিলারি ক্লিনটন আমাকে নরকে নিষ্পেক্ষ করেছিলেন।'



## ২০১৬ সালেই সি অরবিটার

ফরাসি স্থপতি জ্যাকস রিজারি এমন একটি সমুদ্রযানের নকশা করেছেন, যা সমুদ্র এবং সামুদ্রিক জীববৈচিত্র্য ও পরিবেশ নিয়ে গবেষণায় বৈপ্লবিক ভূমিকা পালন করবে বলে বিজ্ঞানীরা মনে করছেন। সি অরবিটার নামের এই সমুদ্রযানটি আসলে একটি খাড়া কাঠামো, যা সমুদ্রে চলাচলে যোগ্য গবেষণাগার হিসেবে ব্যবহৃত হবে। ২০১৬ সাল নাগাদ এটি

তৈরির কাজ শেষ হবে বলে আশা করা হচ্ছে। এর মোট ৬টি অংশ থাকবে। ওপরের অংশের নাম দ্য আই। এটি পরিযায়ী পাখি ও অন্যান্য সামুদ্রিক প্রাণী পর্যবেক্ষণ করবে। এর একেবারে নিচের অংশ সমুদ্রের ১শ মিটার গভীরে থাকবে। এটির কাজ সমুদ্রগভীরের অবস্থা পর্যবেক্ষণ করা।

## বই পড়তে ম্যাগনিফাইং গ্লাস

এটি একটি বই। দুটি বৈশিষ্ট্যের কারণে এটি এখন বিশ্বখ্যাত। প্রথমত, বইটি ৬২ বছরের পুরনো। দ্বিতীয়ত, এর আয়তন মাত্র সাড়ে ৩ মিলিমিটার বাই সাড়ে ৩ মিলিমিটার!



অস্ট্রেলিয়ার সিডনি শহরে পৌছায়। গত ২২ জুন পর্যন্ত বইটি প্রদর্শিত হয়। এটি খ্রিস্টান ধর্মাবলম্বীদের লর্ডস প্রেয়ার। এই ছোট বইটিতে লর্ডস প্রেয়ার বইয়ের ৭টি ভাষায় ৭টি সংস্করণ রয়েছে। পঞ্চদশ শতকে জার্মানির গুটেনবার্গ শপ একটি জাদুঘরের জন্য তহবিল সংগ্রহের লক্ষ্যে বইটি বের করেছিল। বইটি পড়তে ম্যাগনিফাইং গ্লাসের প্রয়োজন হয়। এটি বিশ্বের সবচেয়ে ছোট বই হিসেবেও স্বীকৃত।

## নিরোর অরিয়াস



প্রবাদ আছে, 'রোম যখন পুড়ছিল নিরো তখন বাঁশি বাজাচ্ছিল'। রোমান সাম্রাজ্যের অন্যতম বিতর্কিত চরিত্র প্রবাদপুরুষ নিরো। এই সম্রাটের পতনও মর্মান্তিক। সম্প্রতি ব্রিটেনের উত্তরাঞ্চলের একটি প্রত্নকেন্দ্র থেকে সম্রাট নিরোর শাসনামলের একটি দুর্লভ মুদ্রা পাওয়া গেল। ৬৪ এবং ৬৫ খ্রিস্টাব্দের কোনো এক সময়ে মুদ্রাগুলো তৈরি করা হয়েছিল। মুদ্রার উভয় পাশে সম্রাটের প্রতিকৃতি রয়েছে। খনন কাজে অংশ নেয়া প্রত্নবিদরা এই ঘটনাকে 'জাদুকরি মুহূর্ত' হিসেবে আখ্যা দিয়েছেন। এই মুদ্রাগুলো অরিয়াস নামে পরিচিত ছিল। তৎকালে একটি অরিয়াস একজন সেনাসদস্যের বার্ষিক আয়ের অর্ধেকেরও বেশির সমান ছিল।

## বাবার ভালবাসা

যুক্তরাষ্ট্রের লোগান নিবাসী জেমস গায়ারের বয়স ৬০ বছর। এই বয়সে সন্তানরা তার যত্ন নেবে এটাই স্বাভাবিক। কিন্তু তার ১৮ বছরের ছেলে জোনাহরই সেবা-শুশ্রূষার প্রয়োজন। জোনাহ জন্ম থেকে শারীরিক প্রতিবন্ধী। তাকে সারাক্ষণ ঘরেই পড়ে থাকতে হয়। কিন্তু তার বৃদ্ধ বাবা গায়ার তা মেনে নিতে পারেননি। তিনি সিদ্ধান্ত নেন, ছেলেকে উটা অঙ্গরাজ্যের বিস্ময়কর আর্চেস ন্যাশনাল পার্ক দেখাবেন। আর্চেস ন্যাশনাল পার্ক যতটা রক্ষ, পাথুরে এবং মরুময় ততটাই নান্দনিক ও মনোমুগ্ধকর। জোনাহকে শুইয়ে টেনে নেয়া যাবে এমন একটি বিশেষ গাড়ি তৈরি করেন তিনি। তারপর গায়ার একাই জোনাহসহ গাড়িটিকে টেনে প্রায় ৫শ ফুট উচ্চতায় তোলেন। গায়ারের প্রাপ্তি সন্তানের মুখের অকৃত্রিম হাসি।

-সুদীপ্ত সালাম

